গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ই-সার্ভিস অপারেশন শাখা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ বিষয়ক ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	এন এম জিয়াউল আলম সিনিয়র সচিব
সভার তারিখ	৩০.১২.২০২০ খ্রি.
সভার সময়	বিকাল ৩.০০টা
স্থান	জুম অনলাইন প্লাটফরম
উপস্থিতি	অনলাইনে উপস্থিতি

অনলাইন কনফারেন্সে উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য এ বিভাগের প্রোগ্রামার (ই-সার্ভিস অপারেশন শাখা)-কে অনুরোধ করা হয়। প্রোগ্রামার (ই-সার্ভিস অপারেশন শাখা) সভায় জানান যে, ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ বিষয়ক সভা আয়োজন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভূক্ত করা হয়েছে এবং ত্রৈমাসিক ভিত্তিতে ১টি করে মোট ০৪টি সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে অদ্যকার এ সভা (২য় সভা) আয়োজন করা হয়েছে। অতঃপর সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

০১।	সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর বিষয়ে সেবা গ্রহীতাদের মতামত জানতে চাওয়া হয়। দপ্তর সংস্থা প্রধানগণ, বেসিস, বিসিসি, বিসিএস, বাক্কো, ই-ক্যাব এর প্রতিনিধিগণ আইসিটি বিভাগ হতে প্রাপ্ত সেবার উপর সন্তুষ্টি প্রকাশ করেন। আইসিটি বিভাগ হতে ২০২০-২১ অর্থবছর ১ম রাউন্ডে ডক্টরাল পর্যায়ে ফেলোশিপ প্রাপ্ত জনাব নারায়ন রঞ্জন চক্রবর্ত্তী, ২০১৮-১৯ অর্থবছরে মাস্টার্স পর্যায়ে "হাই-প্রোফাইল ফেলোশিপ" প্রাপ্ত জনাব ফারিহা তাবাস্‌সুম ইসলাম, ২০১৮-১৯ অর্থবছরে ১ম রাউন্ডে আইসিটি সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদনের জন্য বিশেষ অনুদানপ্রাপ্ত ডাঃ সালমা সুলতানা, সভাপতি, মডেল লাইভ স্টক অ্যাডভান্সমেন্ট ফাউন্ডেশন, ২০১৯-২০ অর্থবছরে ২য় রাউন্ডে উদ্ভাবনীমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য অনুদানপ্রাপ্ত জনাব এইচ এম তামিম তাঁদের অভিমত ব্যক্ত করেন। তাঁরা অনলাইন সিস্টেমে আবেদন প্রক্রিয়া থেকে শুরু করে ফেলোশিপের চেক হস্তান্তর পর্যন্ত যাবতীয় কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন। তাঁরা আইসিটি বিভাগ হতে প্রাপ্ত ফেলোশিপ/অনুদান দ্বারা যে কার্যক্রম/প্রকল্প বাস্তবায়ন করেছেন তা সংক্ষিপ্ত আকারে সভায় উপস্থাপন করেন। আইসিটি বিভাগের সহায়তায় জনকল্যাণে তাঁরা এ কার্যক্রম/প্রকল্প বাস্তবায়ন করতে পারায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়া জনাব নারায়ন রঞ্জন চক্রবর্ত্তী সরাসরি চেকের মাধ্যমে অর্থ প্রদানের পরিবর্তে ডিজিটাল পদ্ধতিতে ই-পেমেন্ট এর মাধ্যমে অর্থ প্রদানের জন্য মতামত ব্যক্ত করেন এবং জনাব ফারিহা তাবাস্‌সুম ইসলাম হাই-প্রোফাইল ফেলোশিপের ক্ষেত্রে নারীদের জন্য শর্ত শিথিল এবং উদ্ভাবনী অনুদানের ব্যাপ্তি স্কুল পর্যায় পর্যন্ত বর্ধিত করার বিষয়ে মত প্রকাশ করেন।	ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে প্রদত্ত সেবাসমূহ আরও কিভাবে সহজে প্রদান করা যায় সে বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারী-কে সচেষ্ট হতে হবে। খ) চলমান কোভিড-১৯ মহামারি বিবেচনায় এ বিভাগ কর্তৃক প্রদত্ত নাগরিক সেবাসমূহ যথাসম্ভব ডিজিটাল পদ্ধতিতে প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে।	ক) কর্মকর্তা/কর্মচারি (সকল)

০২।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিটিজেন চার্টারে বর্ণিত বিভিন্ন শাখা কর্তৃক প্রদত্ত সেবাসমূহ নিয়ে আলোচনা করা হয়। এ বিভাগের সকল শাখা হতে প্রদত্ত সেবাসমূহ সিটিজেন চার্টারে অন্তর্ভূক্ত করা প্রয়োজন মর্মে সকলে অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুবিভাগ প্রধানগণকে অনুরোধ করা হয়। প্রয়োজনে বিষয়টি অনুবিভাগের মাসিক সমন্বয় সভায় আলোচনা করা যায় মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।	ক) অনুবিভাগ প্রধানগণ নিজিস্ব অনুবিভাগের মাসিক সমন্বয় সভায় আলোচনাপূর্বক সকল শাখা কর্তৃক প্রদত্ত সেবাসমূহকে নির্দেশিকা অনুসরণপূর্বক শ্রেনীবিন্যাস করে সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	অনুবিভাগ প্রধান (সকল)
০৩।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের ওয়েবসাইটে সরসাসরি প্রবেশ করে সিটিজেন চার্টার পর্যবেক্ষণ করা হয়। সভায় বিভিন্ন দপ্তর সংস্থা হতে প্রদত্ত সেবাসমূহ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী প্রণয়ন এবং নিয়মিত হালনাগাদকরণের জন্য অনুরোধ জানানো হয়।	মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার প্রণয়ন এবং নিয়মিত হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান (সকল)
০৪।	বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টারসমূহ ওয়েবসাইটসহ অফিসভবনের দৃশ্যমান স্থানে প্রদর্শনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, ইলেক্ট্রনিক/ডিজিটাল বোর্ডের মাধ্যমে সিটিজেন চার্টার প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	অফিসভবনে ইলেক্ট্রনিক/ ডিজিটাল বোর্ডের মাধ্যমে দুত সিটিজেন চার্টার প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপসচিব (লজিস্টিক শাখা)

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এন এম জিয়াউল আলম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯.৩২৮

তারিখ: ১৮ পৌষ ১৪২৭
০২ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর/সংস্থার প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

২) অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৩) যুগ্ম-সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৪) উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৫) সভাপতি, বেসিস, BDBL Bhaban (Level 5 - West), 12 Kawran Bazar, Dhaka - 1215

৬) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি, House # 33/B (Ground floor & 2nd floor), Road # 04, Dhanmondi R/A, Dhaka-1205

৭) সভাপতি, ই-ক্যাব, বাড়ি-২৯, (এম-এ), রোড-০৬, ধানমন্ডি, ঢাকা

৮) সভাপতি , বাক্কো, হাউজ-৯০, রোড-০৬, ব্লক-এফ বনানী, ঢাকা-১২১৩

৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১০) সিনিয়র সহকারী সচিব, প্রজেক্ট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১১) সিস্টেম এনালিস্ট, ই-সার্ভিস অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১২) মেইনটেনেন্স ইঞ্জি./প্রোগ্রামার/সহ.মেইনটেনেন্স ইঞ্জি. (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

১৩) সহকারী সচিব, মূল্যায়ন ও পর্যবেক্ষণ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৪) সহকারী সচিব, স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৫) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও অডিট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৬) প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)



ইসরাত জাহান
উপসচিব